



বাঁধাকপির পাতার দাগ রোগ ব্যবস্থাপনা

টিপস্ ও ফ্যাক্ট
সীট

রোগের নাম

বাঁধাকপির পাতার দাগ রোগ (Leaf Spot Disease) একটি ছত্রাকজনিত রোগ।

রোগের লক্ষণ

- প্রথমে পাতায় বাদামী রংয়ের চক্রাকার দাগ পড়ে, দাগগুলো অসম আকারের হয়ে থাকে এবং তা পরে কালো হয়ে যায়।
- অধিক আক্রমণে দাগগুলো একত্র হলে সম্পূর্ণ পাতাটি শুকিয়ে নষ্ট হয়।
- আক্রান্ত ফসলের বীজ পরিপুষ্ট হয় না।
- রোগের জীবানু বাতাস দ্বারা ছড়ায়।



পাতায় বাদামী রংয়ের চক্রাকার দাগ

রোগ ব্যবস্থাপনা

- সুষম সার ও নিয়মিত সেচের ব্যবস্থা করতে হবে।
- উপযুক্ত শস্য পর্যায় অবলম্বন করতে হবে।
- সঠিক দূরত্বে চারা রোপন করতে হবে।
- রোগাক্রান্ত পাতা তুলে নষ্ট করতে হবে।
- রোপনের পূর্বে বীজ শোধন করা (ভিটাভেক্স ২.৫ গ্রাম বা ব্যাভিষ্টিন ২ গ্রাম/ ১ কেজি বীজ)।
- আক্রমণ দেখা দিলে ২গ্রাম রোভরাল ও ২.৫ গ্রাম ডাইথেন-এম-৪৫ প্রতি লিটার পানিতে মিশিয়ে স্প্রে করা ১০-১২ দিন পর পর ২/৩ বার।



বাঁধাকপির সুস্থ পাতা

আরো বিস্তারিত জানতে কল করুন ০১৭৪৬৭৭৪২৮১ নম্বরে
ভিজিট করুন www.ekrishok.com ওয়েবসাইটে

এস এম এস এর মাধ্যমে কৃষি সমস্যার সমাধান পেতে Sub
লিখে এসএমএস করুন ১৬২৫০ নম্বরে
ভিজিট করুন www.ekrishok.com ওয়েবসাইটে



Prepared by Md. Nurul Alam Siddique, email: siddique@biid.org.bd, October 2013

Last Updated: July, 2014.

Source: BARI Handbook, 2011. Vegetable production manual by IRRI, 2009.

